এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

উপরিচিত্র

NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) একটি ওয়েবভিত্তিক অ্যাপ্লিকেশন (উপকরণ) যা ছেলেমেয়েদের প্রাতিষ্ঠানিক ও জীবনসংক্রান্ত তথ্য আপনাদেরকে কমপি উটার, ফোন বা ট্যাবলেটে দেখার সুবিধা প্রদান করে। অ্যাপলিকেশনটি ইংরেজি ছাড়া নয়টি ভাষায় পাওয়া যায়। অ্যাকাউন্টে আপনারা সন্তানের যেসব তথ্য দেখবেন:

- উপস্থিতি
- গ্রেড
- মূল্যায়ন (পরীক্ষার স্কোর)
- স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (ফিটনেসগ্রাম)
- সকর্মূচি
- অভিভাবক
- ভর্তির ইতিহাস

আমি কীভাবে একটি এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট তৈরি করতে পারি?

NYC স্কুলস অ্যাকাউন্ট তৈরি করার দুইটি উপায় আছে। আপনি একটি সাময়িক পাসওয়ার্ড পেতে আপনার সন্তানের স্কুলে নিজে যেতে পারেন, অথবা সন্তানের মাধ্যমে বাড়িতে পাঠান চিঠিতে দেওয়া অ্যাকাউন্ট তৈরির কোড ব্যবহার করতে পারেন।

ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে

1. আপনার সন্তানের স্কুলের সাথে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন।
2. একটি বৈধ ফটো আইডি (যেমন আপনার পাসপোর্ট, আপনার ড্রাইভার্স লাইসেন্স, IDNYC), আপনার ইমেইল ঠিকানা, এবং আপনার সন্তানের 9 রাশির স্টযডেন্ট ID নম্বর, যা তার রিপোর্ট কার্ডে পা ওয়া যাবে, নিয়ে যাবেন।
3. আপনি যখন আপনার স্কুলে অ্যাকাউন্ট খুলবেন তখন আপনি একটি রিসিট পাবেন যার উপরে আপনার অস্থায়ী পাসওয়ার্ড লেখা রয়েছে।
4. http://schools.nyc.gov/myaccount ওয়েবসাইটে যান এবং আপনার ইমেইল ঠিকানা ও অস্থায়ী পাসওয়ার্ড এন্টার করুন। আপনার অ্যাকাউন্টের জন্য আপনাকে একটি নতুন পাসওয়ার্ড, আপনার সিকিউরিটির কোয়েশ্চেন ঠিক করতে হবে প্রশ্ন এবং আপনার ইমেইল ঠিকানার সত্যতার প্রমাণ দিতে হবে।

অনলাইনে

সন্তানের সাথে আপনার বাড়িতে পাঠান চিঠিতে প্রদত্ত অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড আপনার প্রয়োজন হবে। আপনি চিঠি প্রদানের জন্য স্কুলে অনুরোধ জানাতে পারেন। NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি অথবা বিদ্যমান অ্যাকাউন্টে অন্য একজন সন্তানকে যোগ করতে আপনার এই কোড এবং আপনার সন্তানের 9-রাশির শিক্ষার্থী ID নম্বর প্রয়োজন হবে।

1. http://schools.nyc.gov/myaccount ওয়েবসাইটে যান এবং লগইন পেইজে “অ্যাকাউন্ট তৈরি করুন” লিংক নির্বাচন করুন।
2. আপনার সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি এন্টার করুন। আপনি আপনার সন্তানের আইডি নম্বর তার রিপোর্ট কার্ডে পাবেন। আপনার কাছে আপনার সন্তানের আইডি নম্বর না থাকলে স্কুলে যোগাযোগ করুন।
3. অনন্য অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড টাইপ করুন।
4. আপনার ইমেইল ঠিকানা টাইপ করুন ও একটি নতুন পাসওয়ার্ড তৈরি করুন।
5. “ক্রিয়েট অ্যাকাউন্ট” বেছে নিন এবং আপনার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করার জন্য “সাইন ইন” নির্বাচন করুন।
6. প্রথমবার সাইন ইন করার পর আপনাকে তিনটি সিকিরিটি কোয়েশ্চেন বাছাই এবং আনসার করতে এবং আপনার ইমেইল ঠিকানা নিশ্চিত করতে হবে।

সন্তানের তথ্য অন্যদের দেখার সুযোগ দেওয়া

আপনি অন্যান্য প্রাপ্তবয়স্কদেরকে, যারা আপনার সনআনের স্কুল রেকর্ডের সাথে সংশ্লিষ্ট, তাদের নিজেদের অ্যাকাউন্ট খুলতে আহ্বান জানাতে পারেন। আপনারা আত্মীয়স্বজন, বেবিসিটার, পাড়াপ্রতিবেশী, কিংবা টিউটর, অথবা পিতামাতাদের কোন একজন যদি অন্য কোথাও থাকেন, এবং অন্য যাদের আপনার সন্তানের তথ্য জানার উচিৎ বলে মনে করেন, তাদেরকে আমন্ত্রণ জানাতে পারেন। যাই হোক, যদিও কিছু তথ্য স্কুল গোপন রাখে, তবুও আপনারা কাদেরকে আমন্ত্রণ জানাবেন, সেটা আপনাদেরকে সাবধানে বিবেচনা করে দেখতে বলি। আপনি নিয়ন্ত্রণ করবেন কতো বেশি বা কতো কম তথ্য আপনি তাদেরকে দেখার সুযোগ দেবেন।

আপনার অ্যাকাউন্ট নিবন্ধনের পর Manage User Access page (ব্যবহারকারীর পাতার ব্যবস্থাপনা) খুলুন। এখানে আপনি দেখতে পাবেন কোন্ প্রাপ্তবয়স্কদের সাথে সন্তানের তথ্য বিনিময় করতে পারবেন। আপনি যাদেরকে সন্তানের তথ্য দেখার সুযোগ দিতে চান, তাদেরকে আপনার সন্তানের স্টুডেন্ট ID নম্বর দিতে হবে। সে নম্বর ছাড়া তারা অ্যাকাউন্টে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে না।

আমি কোন্ তথ্য দেখার সুযোগ লাভ করবো?

আপনার সনআনের রেকর্ডের সাথে সংশ্লিষ্ট প্রতিটি প্রাপ্ত বয়স্ককে কাস্টোডিয়াল, নন-কাস্টোডিয়াল, কিংবা অতিরিক্ত ব্যবহারকারীর ভূমিকা প্রদান করা হয়েছে। এসব ভূমিকা নিশ্চিত করে তারা ছেলেমেয়ের কতোটুকু তথ্য জানার সুযোগ লাভ করতে পারে।

- কাস্টোডিয়াল (জিম্মাদার) ব্যবহারকারীগণ NYC স্কুলস অ্যাকাউন্টে তাদের সন্তানের সকল তথ্য দেখতে পারবেন। এছাড়াও আপনি অন্যান্য প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে সন্তানের তথ্য দেখতে আমন্ত্রণ জানাতে পারেন।
- নন-কাস্টোডিয়াল (অ-জিম্মাদার) ব্যবহারকারীগণ NYC স্কুলস অ্যাকাউন্টে তাদের সন্তানের প্রায় সকল তথ্য দেখতে পারবেন।
- সন্তানের কাস্টোডিয়াল পিতামাতা আপনাকে যা যা দেখার সুযোগ দিতে চাইবেন, অ্যাডিশন্যাল ইউজার (বাড়তি ব্যবহারকারী) হিসেবে আপনি শিধি তা দেখতে পাবেন।

আমি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে কোথায় সহায়তা পাবো?

যদি সহায়তার দরকার হয় বা আপনার অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করবেন সেসম্পর্কে কোন প্রশ্ন থাকে তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন অথবা 311 নম্বরে ফোন করুন এছাড়াও আপনি NYC স্কুলস অ্যাকাউন্ট ওয়েবপেজ http://schools.nyc.gov/nycschools দেখতে পারেন।

আমাকে একটি ছেলেমেয়ের তথ্য দেখতে NYC স্কুল অ্যাকাউন্টে আমন্ত্রণ জানান হয়েছিল। এখন কী করবো?

আপনাকে অ্যাকাউন্ট তৈরির কোড ও ছেলেমেয়ের 9 রাশির স্টুডেন্ট ID, উভয়টি জানতে হবে, যা ছেলেমেয়ের কাস্টোডিয়াল পিতামাতা আপনাকে দিতে হবে। NYC স্কুলস অ্যাকা উন্ড তৈরি করতে বা ছেলেমেয়েটিকে আপনার বিদ্যমান NYC স্কুলস অ্যাকাউন্টে অন্তর্ভুক্ত করতে হলে উভয় তথ্যটি আপনার জানা থাকতে হবে।

সন্তানের কাস্টোডিয়াল পিতামাতার উপর নির্ভর করবে আপনি ছেলেমেয়ে সম্পর্কিত তথ্যের কোন্ স্তর পর্যন্ত দেখার সুযোগ পাবেন। বিষয়সুত্ সম্পর্কে বা কোন ছেলেমেয়ের NYC স্কুলস অ্যাকাউন্ট দেখা নিয়ে কোন প্রশ্ন থাকলে আমরা আপনাকে ছেলেমেয়ের কাস্টোডিয়াল পিতামাতার সাথে কথা বলতে পরামর্শ দেই।

NYC স্কুলস অ্যাকাউন্টে আগে ছেলেমেয়ের পূর্ণ তথ্য দেখতে পেতাম, এবং এখন আমি কম তথ্য দেখতে পাই।

যদি NYC স্কুলস অ্যাকাউন্টে কোন ছেলেমেয়ের তথ্য দেখার সুযোগে কোন পরিবর্তন হয়, সেটা হবে সন্তানের কাস্টোডিয়াল পিতামাতার করা।